ভোরের কাগজ

তারিখ ... JUN. 1 4 1999
পৃষ্ঠা ৯ কলাম ৪

67

বিভাগীয় প্রধানের অপসারণ দাবি

# খু. বি. কম্পিউটার সায়েন্স বিভাগের ছাত্রছাত্রীদের ক্লাস বর্জন অব্যাহত

খুলনা প্রতিনিধি : একাডেমিক কাউন্সিলের সভায়ও খুলনা বিশ্ববিদ্যালয়ের সিএসই (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) ছাত্রছাত্রীদের ক্লাস বর্জনের বিষয়টির কোনো সুরাহা হয়নি। গত ২০ এপ্রিল থেকে সিএসই'র ছাত্রছাত্রীরা বিভাগীয় প্রধানের অপসারণের দাবিতে ক্লাস বর্জন করে চলেছে।

সংশ্লিষ্ট সূত্রে বলা হয়, গত বুধবার বিকাল থেকে শুরু হয়ে গভীর রাত পর্যন্ত অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের এ সভার অন্যতম আলোচ্যসূচি ছিল 'সিএসই ছাত্রছাত্রীদের ক্লাস বর্জন।' সভায় এ বিষয়ে ক্লাস বর্জনকারী শিক্ষার্থীদের বক্তব্য শোনা হয়। দু-একজন অভিভাবকও তাদের উদ্বেগ প্রকাশ করে বক্তব্য রাখেন।

ক্লাস বর্জনকারী শিক্ষার্থীরা সভায় বিভাগীয় প্রধানের অদক্ষতা সম্পর্কে বক্তব্য তুলে ধরে। তাদের অভিযোগ মতে, বিভাগীয় (সিএসই) প্রধান সেশনাল ও সামাজিক বিজ্ঞানের ক্লাস সম্পর্কে সম্পূর্ণ উদাসীন। কম্পিউটারবিষয়ক ক্লাসগুলোও পাঠ্যক্রম অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোর তুলনায় নিম্নমানের। এখানে 'প্রোগ্রামিং' এবং 'ডাটা এনালিসিস' বিষয়ে কোনো পাঠ দেওয়া হয় না। ই-মেইল, ইন্টারনেট সুবিধা সংবলিত অত্যাধুনিক কম্পিউটার ল্যাব থাকলেও শিক্ষার্থীরা তা ব্যবহার করতে পারে না। এভাবে কোর্স শেষ করলে তারা চাকরির বাজারে অন্যান্যের তুলনায় পিছিয়ে পড়বে বলে মনে করে।

শেষ পর্যন্ত একাডেমিক কাউন্সিলের সভার এক প্রস্তাবে ক্লাস বর্জনকারীদের ক্লাসে ফিরে আসার আহ্বান জানানো হয়েছে এবং সিএসই-র পাঠ্যক্রম 'মনিটরিং' করার জন্য সাত সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠিত হয়েছে। ক্লাস বর্জনকারী ছাত্ররা এ পদক্ষেপ প্রত্যাখ্যান করে অবিলম্বে বিভাগীয় প্রধানের অপসারণ দাবি করেছে। নতুবা যে কোনো পরিস্থিতির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে বলে শিক্ষার্থীরা হুঁশিয়ারি দিয়েছে।

এদিকে গতকাল ১৩ জুন (রোববার) থেকে আগামী ২৪ জুন পর্যন্ত অতিরিক্ত গরমজনিত কারণে বিশ্ববিদ্যালয় ছুটি ঘোষিত হয়েছে।